এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

ঢাকা বোর্ড - ২০১৭

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান—৭০**

[বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের পূর্ণমান ১০।)

ক - বিভাগ

১। মৈত্রী কোম্পানি লি. এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নে দেওয়া হল ঃ

রেওয়ামিল

হিসাবের নাম	টাকা	টাকা
নগদ তহবিল	৭০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	১,২০,০০০	৬০,০০০
প্রাপ্য নোট ও প্রদেয় নোট	৪০,০০০	২৫,০০০
প্রাথমিক খরচ	২০,০০০	
মজুদ পণ্য (৩১.১২.২০১৬)	৭০,০০০	
বিমা সেলামি	১২,০০০	
যন্ত্রপাতি	২,৭২,০০০	
১০% ঋণপত্র (১.৭.২০১৬)		১,০০,০০০
ব্যাংক জমাতিরিক্ত		২০,০০০
শেয়ার মূলধন		৩,০০,০০০
সংরক্ষিত আয় (১.১.২০১৬)		৩০,০০০
বিক্রয়		৩,৫০,০০০
বেতন ও বকেয়া বেতন	৪০,০০০	৪,০০০
ভাড়া	২৪,০০০	
অনাদায়ী পাওনা	৬,০০০	
প্রদত্ত লভ্যাংশ	১৫,০০০	
বিক্রীত পণ্যের ব্যয়	২,০০,০০০	
	৮,৮৯,০০০	৮,৮৯,০০০

অতিরিক্ত তথ্যাবলি ঃ (১) ঋণপত্রের সুদ অপ্রদত্ত রয়েছে। (২) প্রাথমিক খরচের ২৫% অবলোপন করতে হবে। (৩) প্রাপ্য হিসাবের ৫% আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে। (৪) শেয়ার মূলধনের ৫৫ লভ্যাংশ ঘোষণা করতে হবে। (৫) নিট লাভের ১০% সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর কর।

ক) মৈত্রী লিমিটেড এর ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে চলতি দায়ের পরিমাণ নিরূপণ কর।

খ) ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে সমাপ্ত বছরের মৈত্রী লিমিটেড এর বইতে বহু ধাপ বিশিষ্ট আয় বিবরণী প্রস্তুত কর।

গ) মৈত্রী লিমিটেড এর বইতে ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে সংরক্ষিত আয় বিবরণী তৈরি কর।

উত্তর : (ক) ১,২৯,০০০ টাকা; (খ) নিট মুনাফা ৪৬,৩০০ টাকা; (গ) ৪১,৬৭০ টাকা।

২। হৃদি লিমিটেড এর রেওয়ামিল নিম্নরূপঃ

হৃদি এন্ড কোং লিঃ
রেওয়ামিল, ৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের নাম	টাকা	টাকা
ব্যাংক জমা	৬০,৮০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৪৪,৫০০	১২,০০০
ইজারা সম্পত্তি (১০ বছর)	২০,০০০	
দালানকোঠা	৪৫,০০০	
কলকজা ও যন্ত্রপাতি	৬০,০০০	
প্রাথমিক খরচ	২,৬০০	
৫% ঋণ (১.৭.২০১৬)		৫০,০০০
শেয়ার মূলধন (প্রতি শেয়ার ১০০ টাকা মূল্যের)		১,৫০,০০০
সাধারণ সঞ্চিতি		১০,০০০
সংরক্ষিত আয় (১.১.২০১৬)		১০,৮০০
ক্রয় ও বিক্রয়	৬০,০০০	১,২৫,০০০
ভাড়া ও শেয়ার হস্তান্তর ফি	৯,৩০০	২০০
মজুরি ও বেতন	১৫,০০০	
মজুদ মাল	১৭,০০০	
বিমা সেলামী	৭,৮০০	
আয়কর	৬,০০০	
লভ্যাংশ প্রদান	১০,০০০	
	৩,৫৮,০০০	৩,৫৮,০০০

সমন্বয়সমূহ : (১) সমাপনি মজুদ পণ্যের ক্রয়মুল্য ৪০,০০০ টাকা, যার বাজার মূল্য ৩২,০০০ টাকা। (২) ৫,০০০ টাকার ক্রয় ক্রয় বইতে লেখা হয়নি। (৩) বকেয়া মজুরি ও বেতনের পরিমাণ ১,৫০০ টাকা। (৪) দালানকোঠা ও যন্ত্রপাতির উপর ১০% অবচয় ধার্য করতে হবে। (৫) আয়কর সঞ্চিতি হিসাবে ৫,০০০টাকা ব্যবস্থা করতে হবে। (৬) শেয়ার প্রতি ২ টাকা লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক) হৃদি লিমিটেড এর ২০১৬ সালের বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর।

খ) চলতি বছর কোম্পানির কর পরবর্তী নিট লাভের পরিমাণ ২২,৮৫০ টাকা হলে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর।

গ) হৃদি লিমিটেড এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে শ্রেণিবদ্ধ উদ্বর্তপত্র তৈরি কর।

উত্তর : (ক) ৬৬,৫০০ টাকা; (খ) ১৪,৬৫০ টাকা; (গ) ২,৫২,৪০০ টাকা।

খ-বিখভাগ

৩। মিরসরাই সমতা সংঘ এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব্ নিম্নে দেওয়া হল :

প্রাপ্তি ও প্রদান হিসাব

প্রাপ্তিসমূহ	ডেবিট টাকা	প্রদানসমূহ	ক্রেডিট টাকা
নগদ তহবিল	১,৫০০	বেতন ও সম্মানী	২৫,০০০
চাঁদা ২০১৫	১,০০০	১০% বিনিয়োগ (১.৪.২০১৬)	২৫,০০০
২০১৬	৮৪,০০০	ছাপা ও মনিহারি	৬,৭৪০
২০১৭	২,৭০০	খেলাধুলার সরঞ্জাম ক্রয়	১০,০০০
প্রবেশ ফি	৩,২৫০	মেরামত ও নবায়ন খরচ	৭,৫৩০
		ছাত্র বৃত্তি প্রদান	১২,৫০০
		সমাপনি নগদ তহবিল ও ব্যাংক জমা	৫,৬৮০
	৯২,৪৫০		৯২,৪৫০

সমন্বয় ও অন্যান্য তথ্যাবলি : (১) ছাপা ও মনিহারী খরচ ৪,০০০ টাকা বিগত বছরের এবং চলতি বছরের ছাপা বাবদ ২,৫০০ টাকা এখনও বকেয়া রয়েছে। (২) ক্লাবের মোট সদস্য সংখ্যা ৮৫০ জন, প্রত্যেকের বার্ষিক চাঁদার হার ১০০ টাকা।

ক) ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে মুলধনের পরিমাণ নির্ণয় কর।

খ) মিরসরাই সমতা সংঘের ২০১৬ সালের আয়-ব্যয় হিসাব তৈরি কর।

গ) উক্ত সংঘের ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে উদ্বর্তপত্র প্রস্তুত কর।

উত্তর : (ক) ১,৫০০ টাকা; (খ) ব্যয়াতিরিক্ত আয় ৩৯,৮৫৫ টাকা; (গ) ৪৩,৫৫৫ টাকা

৪। রহিমা, ফাহিমা ও জামিলা একটি অংশীদারি ব্যবসায়ের তিন জন অংশীদার। তারা ব্যবসায়ের মুনাফা যথাক্রমে ৩ ঃ ২ ঃ ১ অনুপাতে বন্টন করে নেয়। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে অংশীদারদের উত্তোলন, বেতন ও মুনাফা সমন্বয়ের পর তাদের মূলধন ছিল যথাক্রমে ৫৭,০০০ টাকা, ৪৫,০০০ টাকা ও ৩৭,০০০ টাকা। পরে দেখা গেল অংশীদারি চুক্তিপত্রের মূলধনের উপর বার্ষিক ৫% হারে সুদ দেয়ার ব্যবস্থা থাকলেও তা হিসাব হতে সম্পূর্ণ বাদ পড়েছে। রহিমার ৭,২০০ টাকা বেতন বাদ দেয়ার পর ২০১৬ সালের ব্যবসায়ে মুনাফা হয় ৫৪,০০০ টাকা। ঐ বছরের অংশীদারদের উত্তোলনের পরিমাণ যথাক্রমে ১৬,২০০ টাকা, ৭,২০০ টাকা ও ৪৮০০ টাকা। অংশীদারগণ মুনাফা বন্টনের অনুপাতে ব্যবসায়ের মোট মূলধন ১,৪৪,০০০ টাকায় রাখতে সম্মত হয়।

ক) রহিমা, ফাহিমা ও জামিলার প্রারম্ভিক মূলধন উদ্বৃত্ত নির্ণয় কর।

খ) মূলধনের সুদের প্রভাব দেখিয়ে ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে লাভ লোকসান সমন্বয় হিসাব তৈরি কর।

গ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে রহিমা ও ফাহিমার সমন্বিত মূলধন হিসাব প্রস্তুত কর।

উত্তর : (ক) ৩৯,০০০ টাকা; ৩৪,২০০ টাকা; ৩২,৮০০ টাকা; (খ) ক্ষতির অংশ ২,৬৫০ টাকা; ১,৭৬৭ টাকা ও ৮৮৩ টাকা (গ) নগদ আনায়ন রহিমা ১৫,৭০০ টাকা ও ফাহিমা ৩,০৫৭ টাকা।

৫। রূপালী লিমিটেড এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের আয় বিবরণী নিম্নরূপ :

আয় বিবরণী

বিবরণ	টাকা	টাকা
সেবা আয়		৮,৪০,০০০
পরিচলন ব্যয়	৬,৮৪,০০০	
যোগ : সরঞ্জাম বিক্রয়জনিত ক্ষতি	২৬,০০০	৭,১০,০০০
করপূর্ব নিট লাভ		১,৩০,০০০
আয়কর		৪০,০০০
কর পরবর্তী নীট লাভ		৯০,০০০

রূপালী লিঃ এর উদ্বর্তপত্র হতে নিম্নোক্ত তুলনামূলক চিত্র পাওয়া যায় :

প্রাপ্য হিসাব	২০১৫ টাকা ৩৭,০০০	২০১৬ টাকা ৫৪,০০০
প্রদেয় খরচ	৪১,০০০	৩১,০০০
প্রদেয় আয়কর	৪,০০০	৮,৫০০

পরিচালন খরচের মধ্যে ৬০,০০০ টাকা অবচয় অন্তর্ভুক্ত আছে, বিক্রিত সরঞ্জামের পুস্তক মূল্য ৩২,০০০ টাকা।

ক) বিক্রীত সরঞ্জাম বাবদ নগদ অন্তঃপ্রবাহের পরিমাণ নির্ণয় কর।

খ) ২০১৬ সালের পরিচালন খরচ ও আয়কর বাবদ নগদ বহিঃপ্রবাহের পরিমাণ নির্ণয় কর।

গ) রূপালী লিঃ এর ২০১৬ সালে পরোক্ষ পদ্ধতিতে নগদ প্রবাহ বিবরণীর পরিচালন কার্যক্রম অংশটি প্রস্তুত কর।

উত্তর : (ক) ৬,০০০ টাকা; (খ) ৬,৩৪,০০০ টাকা ও ৩৫,৫০০ টাকা; (গ) ১,৫৩,৫০০ টাকা।

৬। স্বাতী লিমিটেড প্রতি শেয়ার ১০০ টাকা মূল্যের ১০,০০,০০,০০০ টাকা অনুমোদিত মুলধন নিয়ে নিবন্ধিত হয় যা ১০,০০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানির পরিচালনা পর্ষদ সকল শেয়ার ১০% অধিহারে আই.পি.ও আহবান করে। ইস্যুকৃত সকল শেয়ারের আবেদন পাওয়া যায় এবং সকল শেয়ার যথারীতি বন্টিত হয়। শেয়ার ইস্যু প্রক্রিয়ায় আইগত সেবা প্রদানের জন্য এটর্নিকে ফি বাবদ ২,০০,০০০ টাকা পরিশোধ করা হয় এবং শেয়ার মুলধন আদায়ের জন্য ব্যাংককে শেয়ার পতি ০.৫০ টাকা কমিশন প্রদান করা হয়।

ক) কোম্পানির শেয়ার অধিহার এবং ব্যাংক কমিশনের পরিমাণ নির্ণয় কর।

খ) স্বাতী লিমিটেডের বইতে শেয়ার ইস্যু সংক্রান্ত জাবেদা দাখিলা দেখাও।

গ) কোম্পানির বইতে স্থিতিপত্র তৈরি কর।

উত্তর : (ক) ১,০০,০০,০০০ টাকা ও ৫,০০,০০০ টাকা। (খ) জাবেদা ২২,০৭,০০,০০০ টাকা (গ) ১১,০০,০০,০০০ টাকা

৭। সজল ব্রাদার্সের নিম্নোক্ত উদ্বর্তপত্র ও সংযুক্ত তথ্যাবলি দেওয়া হলঃ

উদ্বর্তপত্র / ৩১ ডিসেম্বর,২০১৬

দায় ও মালিকানা	টাকা	সম্পত্তিসমূহ	টাকা
সাধারণ শেয়ার মূলধন	৬,০০,০০০	স্থায়ী সম্পদ	৬,০০,০০০
অগ্রাধিকার শেয়ার মুলধন	২,০০,০০০	দেনাদার	২,০০,০০০
সাধারণ সঞ্চিতি	১,০০,০০০	ব্যাংক জমা	৩,২০,০০০
প্রতিপূরক তহবিল	৫০,০০০	মজুদ পণ্য	১,৮০,০০০
১০% ঋণপত্র	৫০,০০০		
১২% বন্ধকী ঋণ	১,০০,০০০		
পাওনাদার	১,৮০,০০০		
আয়কর সঞ্চিতি	২০,০০০		
	১৩,০০,০০০		১৩,০০,০০০

তথ্যাবলি : নিট লাভ ৩,৩০,০০০ টাকা, বিক্রয় ১২,০০,০০০ টাকা, বিক্রয় ফেরত ৮০,০০০ টাকা, বিক্রয় বাট্টা ২০,০০০ টাকা।

ক) কোম্পানির বিনিয়োজিত মূলধন নির্ণয় কর।

খ) সজল ব্রাদার্সের ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর।

গ) কোম্পানির বিনিয়োজিত মূলধনের উপর উপার্জন হার ও বিনিয়োজিত মূলধন আবর্তন হার নির্ণয় কর।

উত্তর : (ক) ১১,০০,০০০ টাকা (খ) ৩.৫ : ১ (গ) ৩০% ও ১ বার

৮। জননী লিমিটেড ২০১৬ সালের ১ জানুয়ারি হতে উৎপাদন শুরু করেছিল। ৩১ জানুয়ারি তারিখে কোম্পানির হিসাব বই হতে নিম্নের তথ্যাবলি গ্রহণ করা হল :

মোট উৎপাদন ব্যয় (কারখানা ব্যয়)	টাকা ২৭,০০,০০০
প্রত্যক্ষ মজুরি	৭,০০,০০০
পণ্য বিক্রয়	২৬,৭০,০০০

প্রশাসনিক উপরিব্যয়	২,০০,০০০
বিক্রয় ও বন্টন উপরিব্যয়	১,১৩,০০০
আংশিক উৎপাদিত পণ্য (৩১.১.২০১৬)	১,৫০,০০০
উৎপাদিত পণ্যের মজুদ (৩১.১.২০১৬)	২,২০,০০০

প্রত্যক্ষ মজুরির ১২০% কারখানার উপরিব্যয় হিসাবে ধরতে হবে।

ক) জননী লিমিটেড এর বাণিজ্যিক খরচের পরিমাণ নির্ণয় কর।

খ) কোম্পানির জানুয়ারি মাসে ব্যবহৃত প্রত্যক্ষ কাঁচামালের ব্যয় নির্ণয় কর।

গ) কোম্পানির জানুয়ারি মাসের উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুত কর।

উত্তর : (ক) ৩,১৩,০০০ টাকা। (খ) ১১,৬০,০০০ টাকা। (গ) মুনাফা ২৭,০০০ টাকা।

৯। জেসমিন কোং ব্যবসায় শুরুর প্রথম মাসে ধারে ১০০ একক পণ্য ৬০ টাকা দরে, এরপর ২০০ একক পণ্য ৭০ টাকা দরে এবং ১৫০ একক পণ্য ৮০ টাকা দরে ক্রয় করে। মাস শেষে ১৮০ একক পণ্য অবিক্রিত থাকে। কোম্পানির কালান্তিক পদ্ধতিতে LIFO Costing অনুসরণ কর।

ক) মাস শেষে জেসমিন কোম্পানির বইতে সমাপনী মজুদ পণ্যের মূল্য নির্ণয় কর।

খ) জেসমিনের বইতে ক্রয় সংক্রান্ত সাধারণ জাবেদা ও সমাপনি মজুদ সংক্রান্ত সমন্বয় জাবেদা দেখাও।

গ) কোম্পানির প্রথম মাসের বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় ও বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় কর।

উত্তর : (ক) ১১,৬০০ টাকা। (খ) জাবেদার যোগফল ৩২.০০০ সমন্বয় জাবেদা ১১,৬০০ টাকা (গ) ৩২,০০০ ও ২০,৪০০ টাকা।

১০। অটবি কোম্পানি কাঠের বুক সেলফ প্রস্তুত করে। কোম্পানির বর্তমানে স্থানীয় বাজারে বিক্রয় করার জন্য পণ্য উৎপাদন করলেও ভবিষ্যতে বিদেশে রপ্তানি করার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছে। ২০১৬ সালের স্থানীয় বাজারের চাহিদা পূরণের লক্ষ্যে কোম্পানি ৫০% কার্য মাত্রায় ২,০০০টি বুক সেলফ তৈরি করে। ২০১৬ সালের উৎপাদন সংক্রান্ত ব্যয়সমূহ নিম্নরূপঃ

কাঠ ও গ্লাস সিট	একক প্রতি ২১৫ টাকা
সাধারণ অফিস খরচ (স্থির)	১,১০,০০০ টাকা
কারখানা তত্ত্বাবধায়কের বেতন	৭০,০০০ টাকা
বিক্রয়কর্মীর বেতন	৬০,০০০ টাকা
অবচয় কারখানা দালান (স্থির)	৮০,০০০ টাকা
অফিস সাপ্লাইজ খরচ (স্থির)	২,০০০ টাকা
কারখানার পরোক্ষ কাঁচামাল	একক প্রতি ২৫ টাকা
কারখানা মজুরি (কাটিং ও সংযোজন)	একক প্রতি ৪৫ টাকা
বিক্রয়কর্মীর কমিশন	একক প্রতি ৫ টাকা
কারখানা উপযোগ খরচ (স্থির)	১০,০০০ টাকা

ক) অটবি কোম্পানির সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা এককে নির্ণয় কর।

খ) ২০১৬ সালের পরিবর্তনশীল ব্যয় ও স্থির ব্যয় প্রদর্শনপূর্বক মোট ব্যয় নির্ণয় কর।

গ) ২০১৭ সালের সর্বোচ্চ ক্ষমতায় উৎপাদন করলে অনুমিত মোট ব্যয় নির্ণয় কর।

উত্তর : (ক) ৪,০০০ একক (খ) মোট ব্যয় ৯,১২,০০০ টাকা। (গ) অনুমিত মোট ব্যয় ১৪,৯২,০০০ টাকা।

১১। কর্ণফুলী লি. ২০১৬ সালে ২,৭০০ একক সেম্পু বিক্রয় করে এবং প্রতি একক সেম্পুর গড় বিক্রয় মুল্য ৩০ টাকা সংশিষ্ট বছরে স্থায়ী খরচ ১৮,০০০ টাকা এবং পরিবর্তনশীল ব্যয় হার বিক্রয়ের ৭০%।

ক) কর্ণফুলী লিঃ এর একক প্রতি অনুদান প্রাপ্ত নির্ণয় কর।

খ) কোম্পানির সমচ্ছেদ বিন্দু বিক্রয় একক ও টাকায় নির্ণয় কর।

গ) সমচ্ছেদ কার্যস্তরে কোম্পানির মোট ব্যয় তালিকা প্রস্তুত কর।

উত্তর : (ক) ৯ টাকা। (খ) ২,০০০ একক ও ৬০,০০০ টাকা। (গ) মোট ব্যয় ৬০,০০০ টাকা।

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

সময় ঃ ৩০ মিনিট

বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। বিন কার্ডে উল্লেখ থাকে-
i) মালের আগমন ii) মালের নির্গমন iii) মালের মূল্য **নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২। IAS-7 অনুযায়ী নগদ প্রবাহ বিবরণীতে নগদ কার্যক্রমকে কত ভাগে ভাগ দেখানো হয়?
(ক) ২ (খ) ৩ (গ) ৪ (ঘ) ৫

৩। প্রচুর মুনাফা সত্ত্বেও নগদ ঘাটতির কারণ হল-
i) ধারে বিক্রয় বেশি ii) মজুদ পণ্যের পরিমাণ বেশি iii) বকেয়া আয় বেশি **নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও ii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৪। নিচের কোনটি কালীন ব্যয়?
(ক) কারখানা ভাড়া (খ) প্রত্যক্ষ মজুরি (গ) প্রত্যক্ষ কাঁচামাল (ঘ) বিজ্ঞাপন খরচ

নিচের উদ্দীপকটি পড় এবং পরবর্তী তিনটি প্রশ্নের উত্তর দাওঃ
স্থায়ী খরচ ১,৮০,০০০ টাকা একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ২০ টাকা, একক প্রতি বিক্রয় মূল্য ৫০ টাকা এবং বৎসরে বিক্রয়ের পরিমাণ ৫,০০,০০০ টাকা।

৫। একক প্রতি অনুদান কত?
(ক) ২০ টাকা (খ) ৩০ টাকা (গ) ৫০ টাকা (ঘ) ৭০ টাকা

৬। সমচ্ছেদ বিক্রয়ের পরিমাণ কত?
(ক) ৩,০০,০০০ টাকা (খ) ৪,০০,০০০ টাকা (গ) ৪,৫০,০০০ টাকা (ঘ) ৫,০০,০০০ টাকা

৭। মুনাফার পরিমাণ কত?
(ক) ৬০,০০০ টাকা (খ) ১,২০,০০০ টাকা (গ) ১,৮০,০০০ টাকা (ঘ) ৩,২০,০০০ টাকা

৮। বিনিয়োগ সংক্রান্ত নগদ প্রবাহ কোনটি?
(ক) শেয়ার ইস্যু (খ) অগ্রিম খরচের হ্রাস (গ) অন্য কোম্পানির শেয়ার ক্রয় (ঘ) লভ্যাংশ পরিশোধ

৯। কোনটি মুখ্য ব্যয়ের উপাদান?
(ক) প্রত্যক্ষ কাঁচামাল (খ) কারখানা ভাড়া (গ) অফিস খরচ (ঘ) বিক্রয় খরচ

১০। কোন পদ্ধতিতে সম্পত্তির ক্রয় মুল্যের উপর প্রতি বছর নির্দিষ্ট হারে অবচয় ধার্য করতে হয়?
(ক) ক্রম হ্রাসমান (খ) দ্বৈতহ্রাসমান (গ) বার্ষিক সিদ্ধান্ত (ঘ) সরলরৈখিক

নিচের উদ্দীপকটি পড় এবং পরবর্তী তিনটি প্রশ্নের উত্তর দাওঃ
রাফিদ লিঃ এর বই থেকে নিম্নোক্ত তথ্যসমূহ নেয়া হয়েছে : ক্রয় ১,৮০,০০০ টাকা , ক্রয় ফেরত ৫,০০০ টাকা, বিক্রয় ৩,০০,০০০ টাকা প্রারম্ভিক মজুদ ৩০,০০০ টাকা, বিক্রয় বাট্টা ৪,০০০ টাকা, সমাপনি মজুদ ২০,০০০ টাকা, ক্রয় বাট্টা ২,০০০ টাকা এবং বিক্রয় ফেরত ৭,০০০ টাকা।

১১। রাফিদ লিঃ এর নিট ক্রয় কত ?
(ক) ১,৭৩,০০০ টাকা (খ) ১,৮০,০০০ টাকা (গ) ১,৮২,০০০ টাকা (ঘ) ১,৮৫,০০০ টাকা

১২। রাফিদ লিঃ এর বিক্রিত পণ্যের ব্যয় কত?
(ক) ১,৭৩,০০০ টাকা (খ) ১,৮৩,০০০ টাকা (গ) ২,০৩,০০০ টাকা (ঘ) ২,২৩,০০০ টাকা

১৩। রাফিদ লিঃ এর মোট লাভ কত?
(ক) ১,০৬,০০০ টাকা (খ) ১,৮৩,০০০ টাকা (গ) ১,৯০,০০০ টাকা (ঘ) ২,৮৯,০০০ টাকা

১৪। স্থায়ী ব্যয় নির্ণয়ের সূত্র হল-
i) অনুদান প্রান্ত-মুনাফা ii) মোট ব্যয়- পরিবর্তনশীল ব্যয় iii) অনুদান প্রান্ত + ক্ষতি **নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫। শেয়ার ইস্যুর ক্ষেত্রে সর্বোচ্চ বাট্টার হার কত?
(ক) ১০% (খ) ১৫% (গ) ২০% (ঘ) ২৫%

১৬। পাবলিক লিঃ কোম্পানির জন্য সর্বনিম্ন সদস্য সংখ্যা কত?
(ক) ২ জন (খ) ৭জন (গ) ১০ জন (ঘ) ২০ জন

১৭। একটি কোম্পানির আয়কর প্রদেয় হয়-

i) নিট মুনাফার উপর ii) মোট মুনাফার উপর iii) পরিচালন মুনাফার উপর **নিচের কোনটি সঠিক?**

(ক) i (খ) i ও ii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং পরবর্তী তিনটি প্রশ্নের উত্তর দাওঃ রাফিন লিমিটেড এর আর্থিক বিবরণী নিম্নরূপ :

বিক্রয় ২,০০,০০০ টাকা; মোট লাভ ৮০,০০০ টাকা; নিট লাভ ৩০,০০০ টাকা ও দেনাদার ৪০,০০০ টাকা

১৮। মোট লাভের হার কত ?

(ক) ৩৩.৩৩% (খ) ৪০% (গ) ৪২% (ঘ) ৪৫%

১৯। নিট লাভের হার কত ?

(ক) ১৫% (খ) ১৭% (গ) ১৭.৭৮% (ঘ) ২০%

২০। দেনাদার আবর্তন অনুপাত কত?

(ক) ৪ বার (খ) ৪.৫ বার (গ) ৫ বার (ঘ) ৬ বার

২১। একটি অংশীদারি কারবারের বন্টনযোগ্য মুনাফা ৯০,০০০ টাকা। ১/২ঃ১/৩ঃ১/৬ অনুপাতে দ্বিতীয় অংশীদারের মুনাফা কত হবে?

(ক) ১৫,০০০ টাকা (খ) ৩০,০০০ টাকা (গ) ৪৫,০০০ টাকা (ঘ) ৬০,০০০ টাকা

২২। পণ্যের নমুনা বিতরণ কোন ধরণের উপরিব্যয়?

(ক) কারখানা উপরিব্যয় (খ) প্রশাসনিক উপরিব্যয় (গ) বিক্রয় উপরিব্যয় (ঘ) পরিবর্তনশীল উপরিব্যয়

২৩। বিক্রয় থেকে বিক্রিত পণ্যের ব্যয় বাদ দিলে আমরা কি পাব?

(ক) নিট মুনাফা (খ) মোট মুনাফা (গ) পরিচালন মুনাফা (ঘ) অপরিচালন মুনাফা

নিচের উদ্দীপকটি পড় এবং পরবর্তী তিনটি প্রশ্নের উত্তর দাওঃ

প্রারম্ভিক মজুদ (৫০০ একক)	৪,৫০০ টাকা
উৎপাদন (১০,০০০ একক)	১,১০,০০০ টাকা
সমাপ্তি মজুদ (২,০০০ একক)	-
বিক্রয়	১,১৫,৬২৫ টাকা

২৪। বিক্রিত পণ্যের পরিমাণ কত ?

(ক) ৮,৫০০ একক (খ) ১০,০০০ একক (গ) ১০,৫০০ একক (ঘ) ১২,০০০ একক

২৫। মুনাফার শতকরা হার কত?

(ক) ব্যয়ের ২০% (খ) বিক্রয়ের ২০% (গ) বিক্রয়ের ২৫% (ঘ) ব্যয়ের ৩৩.৩৩%

২৬। আয়-ব্যয় হিসাবে কোনটি দেখানো হয় না ?

(ক) লকার ভাড়া (খ) চাঁদা (গ) প্রাঙ্গন রক্ষনাবেক্ষন (ঘ) প্রাঙ্গণ উন্নয়ন

২৭। কোনটি মূলধন জাতীয় ব্যয় ?

(ক) ভাড়া (খ) বেতন (গ) আসবাবপত্র ক্রয় (ঘ) মনিহারি ক্রয়

২৮। অনগদ লেনদেন লিপিবদ্ধ হয় না-

i) প্রাপ্তি-প্রদান হিসাবে ii) আয়-ব্যয় হিসাবে iii) উদ্বর্ত পত্রে **নিচের কোনটি সঠিক?**

(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) i, ii ও iii

২৯। অংশীদারি ব্যবসায়ের অংশীদারগণকে কোন অনুপাতে মূলধন বিনিয়োগ করতে হয়?

(ক) সমান অনুপাতে (খ) একটি নির্দিষ্ট অনুপাতে (গ) মুনাফা বন্টিত অনুপাতে (ঘ) অংশীদারি চুক্তি অনুযায়ী

৩০। অংশীদারি ব্যাংক ব্যবসায়ের সর্বোচ্চ সদস্য সংখ্যা কত ?

(ক) ১০ (খ) ২০ (গ) ২৫ (ঘ) ৫০

উত্তরপত্র

১। ক	২। খ	৩। ঘ	৪। ঘ	৫। খ	৬। ক	৭। খ	৮। গ	৯। ক	১০। ঘ	১১। ক	১২। খ	১৩। ক	১৪। ঘ	১৫। ক
১৬। খ	১৭। ক	১৮। খ	১৯। ক	২০। গ	২১। খ	২২। গ	২৩। খ	২৪। ক	২৫। খ	২৬। ঘ	২৭। গ	২৮। ক	২৯। ঘ	৩০। ক